**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:1৯-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Governor visit:**

ত্রিপুরার বাঁশ থেকে উৎপাদিত পন্য সামগ্রী খুবই আকর্ষনীয় । এই ধরনের পন্য দেশের অন্যত্র পাওয়া যায় না বললেই চলে । এই পন্য সামগ্রী আন্তর্জাতিক স্তরে রপ্তানীর জন্য এগুলিকে আরও জনপ্রিয় করে তুলতে হবে । আরকে নগরে মুথা ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড পরিদর্শনে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল এই পরামর্শ দেন । রাজ্যপাল সেখানে গিয়ে পৌছালে তাঁকে স্বাগত জানান শিল্প সংস্হাটির ভাইস প্রেসিডেন্ট রবিন বোস । রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু মুথা শিল্প কারখানার বিভিন্ন ইউনিট ঘুরে দেখেন। তিনি বাঁশ প্রক্রিয়াকরণ এবং তা থেকে বিভিন্ন পণ্য সামগ্রী উৎপাদনের বিষয়ে বিস্তারিতভাবে অবগত হন । পরিদর্শনের সময় রাজ্যপালের যুগ্ম সচিব রতন ভৌমিকও উপস্থিত ছিলেন । রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে ।

****************

**One Nation One Election:**

'এক দেশ, এক নির্বাচন' প্রস্তাবের অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। সরকার গতকাল এক দেশ এক নির্বাচনের ধারণা অন্বেষণে গঠিত উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ গ্রহণ করেছে, যা সারাদেশে একযোগে নির্বাচনের পথ প্রশস্ত করেছে। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পরে গতকাল নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দের সভাপতিত্বে গঠিত একটি উচ্চ-পর্যায়ের কমিটি রাজনৈতিক দল এবং বিশেষজ্ঞদের সহ বিভিন্ন অংশীদারদের সঙ্গে ব্যাপক আলোচনা করেছে। তিনি বলেন, এটি

দুই ধাপে বাস্তবায়ন করা হবে। প্রথম ধাপে, লোকসভা এবং বিধানসভা নির্বাচন একযোগে অনুষ্ঠিত হবে, অন্যদিকে পঞ্চায়েত এবং পৌরসভার মতো স্থানীয় সংস্থাগুলির নির্বাচনগুলি সাধারণ নির্বাচনের ১০০ দিনের মধ্যে করা হবে।

মন্ত্রী জানান সরকার চন্দ্রযান-৪ মিশন এবং ভেনাস অরবিটার মিশন অনুমোদন করেছে। মন্ত্রীসভা প্রধানমন্ত্রী অন্নদাতা আয় সংরক্ষন অভিযান পিএম-আশার প্রকল্পগুলি গুলি অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে। এছাড়াও সরকার মোট ৭৯ হাজার ১৫৬ কোটি টাকা ব্যয়ে প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নয়ন গ্রামীণ অভিযানকে অনুমোদন দিয়েছে। তিনি বলেন, এই প্রকল্পটি উপজাতীয় সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটাবে।

*******************

**Tripura Sundari Festivels prepratory meeting held on 18.09.2024:**

মহালয়া দিনে আগামী ২ অক্টোবর মাতাবড়ি ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে ত্রিপুরা সুন্দরী উৎসব।এই উৎসব আগে দেওয়ালি উৎসবের দুই দিন আগে হতো।এবছর স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অঙ্গ হিসেবে আগেই করা হচ্ছে।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭৪ তম জন্মদিন উপলক্ষ্যে সারা দেশে চলছে ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত স্বচ্ছতা হি সেবা কর্মসূচি।২ অক্টোবর উৎসবের সমাপ্তি। সমাপ্তি দিনে হবে মাতবাড়িতে ত্রিপুরা সুন্দরী ফেস্টিভ্যালস।একই সঙ্গে হবে স্বচ্ছতা হি সেবা, এই দুইটি অনুষ্ঠানের সূচনা করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা।এদিন মাতাবাড়ি ত্রিপুরেশ্বরী মন্দির কে আলোক মালায় সাজিয়ে তোলা হবে।গতকাল এই বিষয়ে জেলা শাসকের অফিসের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের

চেয়ারম্যান শীতল। চন্দ্র মজুমদার ও ভাইস চেয়ারম্যান প্রদীপ দেবনাথ সহ জেলার বিভিন্ন দপ্তরের অধিকারিকগণ ।উদয়পুর রমেশ চৌমুনি ও চন্দ্রপুর সি এন জি স্টেশন এলাকায় পৃথক দুইটি সুদৃশ্য গেইট লাগানো হবে ।এই উৎসবের জন্য পর্যটন দপ্তর এক লক্ষ টাকা বরাদ্দ করেছে ।আর গোমাতি জেলা শাসকের স্বচ্ছ ভারত মিশনের ফান্ড থেকে ব্যায় করা হবে । বৈঠকে ত্রিপুরা সুন্দরী উৎসবের সার্বিক সাফল্য করে তুলতে সংশ্লিষ্ট দপ্তরকে সঠিক পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ।

**************

**Forest Minister, Flood:**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনেগতকাল জানান, সাম্প্রতিক বন্যায় প্রাথমিক হিসাব অনুযায়ী সাম্প্রতিক ভয়াবহ বন্যায় বন দপ্তরের ৪০ কোটি টাকারও বেশি ক্ষয়ক্ষতি হয়েছে । তিনি জানান, বন্যায় বন এলাকায় অন্তত ৪৫০ থেকে ৪৭০ টি চেকড্যাম সম্পূর্ণভাবে ধংস হয়ে গেছে। বনভিত্তিক কৃষি, নার্সারি, মৎস্য চাষ প্রভৃতির প্রচুর ক্ষতি হয়েছে।তিনি আরো জানান রাজ্যের বন দপ্তরের কাজ কর্ম খতিয়ে দেখতে কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রী ভুপেন্দ্র যাদব আগামী নভেম্বর মাসে ত্রিপুরায় আসতে পারেন ।

******************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রে মহিলাদের বৃহত্তর অংশগ্রহন শুধুমাত্র দেশের সংস্কৃতির ও অর্থনৈতিক উন্নয়নের জন্যই গুরুত্বপূর্ণ নয়, মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্যও এটি অপরিহার্য ।শ্রীমতি মুর্মু গতকাল জয়পুরের মালাভিয়া ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজির অষ্টাদশ সমাবর্তনে ভাষণ দিতে গিয়ে বলেন,

নারীদের সমান সুযোগ দেওয়া হলে তারা আরও শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারবে । তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জাতীয় উন্নয়নের নেতৃত্ব প্রদান করা তাদের কর্তব্য । রাজস্থানের রাজ্যপাল হরিভাউ কিসানরাও বাগাদে এবং মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মাও অনুষ্ঠানে বক্তব্য রাখেন । রাষ্ট্রপতি শিক্ষার্থীদের স্বর্ণ পদক প্রদান করেন এবং প্রতিষ্ঠানের নতুন আরাবলি ছাত্রাবাসের উদ্বোধন করেন ।

*******************

**ACCIDENTAL DEATH :**

বিদ্যুতের ছোবলে গতরাতে প্রাণ হারালেন ধর্মনগর শহরের বটরশি জামে মসজিদের ইমাম ইসলাম উদ্দিন। দমকল ওই ইমামকে উদ্ধার করে উত্তর জেলা হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষনা করেন। মৃত এই ইমামের বাড়ি আসামের করিমগঞ্জ জেলার বারইগ্রামে।

***************

**চন্দ্র স্মৃতি লিগ:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় টাউন ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় টাউন ক্লাব ৩-০ গোলে ফরোয়ার্ড ক্লাবকে পরাজিত করে। এর আগে অপর খেলায় জুয়েলস এসোসিয়েশন ২-১ গোলে নাইন বুলেটস ক্লাবকে পরাজিত করে ।

*************

**WEATHER :**

আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে । দু-এক জায়গায় বজ্র বিদুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রী এবং সর্বনিম্ন

২৯ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে । আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রী সেলসিয়াস ।

**********************

************************